

৬ ৩৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.১৭৪.০০২.০৭.০০.০০৫.২০১০-০৫

তারিখ : ০৭.০১.২০১৪ খ্রিঃ

প্রেরক : হুমায়রা সুলতানা  
উপ-সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিজেএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের (কোড নং-২৭১১) আওতাধীন "শেখ ফজিলাতুননেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন, গোপালগঞ্জ (১ম সংশোধিত)" (কোড নং-৫০১০) কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৩-২০১৪ অর্থ বৎসরের এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি খাত হতে ৩য় কিস্তি বাবদ ১২০০.০০ লক্ষ (বার কোটি) টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৮.০৯.২০১৩ তারিখের ৪৫.১৭৪.০০২.০৭.০০.০০৫.২০১০-৩৩৯ সংখ্যক স্মারকের অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে "শেখ ফজিলাতুননেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন, গোপালগঞ্জ (১ম সংশোধিত)" (কোড নং-৫০১০) এর অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি খাত হতে নিম্নরূপে ৩য় কিস্তি বাবদ ১২০০.০০ লক্ষ (বার কোটি) টাকা ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছিঃ


(অংক সমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (কোড নং-২৭১১)	"শেখ ফজিলাতুননেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন, গোপালগঞ্জ" (কোড নং-৫০১০)	অনুমোদিত	৩য় কিস্তির জিওবি অর্থ	৯.০০	১১৯১.০০	১২০০.০০

তবে শর্ত থাকে যে,

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দকৃত অর্থ হতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (কোড নং-২৭১১) এর "শেখ ফজিলাতুননেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন, গোপালগঞ্জ" (কোড নং-৫০১০) হতে বহন করা হবে ;
- পরবর্তী কিস্তি ছাড়ের প্রস্তাবের সঙ্গে ১ম-৩য় কিস্তিতে ছাড়কৃত অর্থের বিস্তারিত ব্যয় বিবরণী দাখিল করতে হবে ;
- উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত) ;
- এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।


২। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের নং-০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতাপর্ন করা হয়েছে সেই অনুযায়ী জারী করা হলো।

  
(হুমায়রা সুলতানা)  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৪৯৫৪০

- পরবর্তী পৃষ্ঠা দৃষ্টব্য -

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. ডা: মো: সিরাজুল ইসলাম মোল্লা, প্রকল্প পরিচালক, শেখ ফজিলাতুননেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন গোপালগঞ্জ শীর্ষক প্রকল্প (ঢাকাস্থ অফিস: জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল শেরে বাংলা নগর, ঢাকা)।
২. যুগ্ম-প্রধান স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. উপ-সচিব (এফএমএ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
(হুমায়রা সুলতানা)  
উপ-সচিব